

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮১৮

8৬/ কিতাবুল আদব (ﷺ বাা كتاب الأدب عن رسول الله)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ أَبِي مُلَيْكَةَ، عَنِ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَسَمَ أَقْبِيَةً وَلَمْ يُعْطِ مَخْرَمَةَ شَيْئًا فَقَالَ مَخْرَمَةُ يَا بُنَىَّ انْطَلِقْ بِنَا إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَانْطَلَقْتُ مَعَهُ قَالَ ادْخُلْ فَادْعُهُ لِي فَدَعَوْتُهُ لَهُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَعَلَيْهِ قِبَاءٌ مِنْهَا فَقَالَ " خَبَأْتُ لَكَ هَذَا " . قَالَ فَنَظَرَ فَخَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَعَلَيْهِ قِبَاءٌ مِنْهَا فَقَالَ " خَبَأْتُ لَكَ هَذَا " . قَالَ فَنَظَرَ إِلَيْهِ فَقَالَ " رَضِيَ مَخْرَمَةُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَابْنُ أَبِي مُلَيْكَةَ اسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي مُلَيْكَةَ .

## বাংলা

২৮১৮. কুতায়বা (রহঃ) ..... মিসওয়ার ইবন মাখরামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, যে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার কিছু কাবা (এক জাতীয় পোষাক) বন্টন করলেন। কিন্তু মাখরামা রাদিয়াল্লাহু আনহু-কে এর কছুই দেননি। তখন মাখরামা রাদিয়াল্লাহু আনহু আমাকে বললেনঃ হে প্রিয় বৎস, আমাকে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে নিয়ে চল। মিসওয়ার রাদিয়াল্লাহু আনহু বলেন, আমি তাঁর সঙ্গে গোলাম। তিনি বললেনঃ (নবীজীর ঘরে যেয়ে) প্রবেশ কর এবং তাঁকে আমার কথা বলে ডেকে নিয়ে এস। অনন্তর আমি তাঁকে ডেকে নিয়ে আসলাম। তিনি ঐ কাবাসমূহের একটি কাবা নিয়ে বের হয়ে আসলেন এবং বললেনঃ তোমার জন্য লুকিয়ে রেখেছিলাম। মিসওয়ার রাদিয়াল্লাহু আনহু বলেনঃ মাখরামা এটির দিকে তাকালেন। পরে বললেনঃ মাখরামা সম্ভুষ্ট। সহীহ, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮১৮ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)এ হাদীসটি হাসান-সহীহ। ইবন আবূ মুলায়কা (রহঃ) এর পূর্ণ নাম হল আবদুল্লাহ্ ইবন উবায়দুল্লাহ্ ইবন আবৃ মুলায়কা।

## **English**

Narrated Al-Miswar bin Makhramah:



"The Messenger of Allah (ﷺ) distributed some cloaks but he did not give anything to Makhramah. Makhramah said: 'O my son! Let us go to the Messenger of Allah (ﷺ).' So I went with him. He said: 'Enter and call him for me.'So I called the Prophet (ﷺ) for him, then the Prophet (ﷺ) came out wearing one of the cloaks. He (ﷺ) said: 'I kept this one for you.'" He said: "So he looked at him and said: 'Makhramah is pleased.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন